

কৃষি সমূহ



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

স্মারক নং-১২.২৪৩.০১৮.২১.০০৯.২০০৩- ২৭৫

তারিখ: ২৮ আগস্ট, ২০১৮ খ্রি।

মুগ্ধ পরিচালক (সার),  
বিএডিসি, সিলেট।

বিষয়ঃ আপনার অঞ্চলের আওতাধীন গুদাম ও অন্যান্য স্থাপনাসমূহের বকেয়া ভাড়া আদায়ে ব্যবস্থা গ্রহণ  
প্রসঙ্গে।

সূত্রঃ সার ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং-১২.০৬.০০০০.৫৪১.৪৫.০০১.১৮-৬৭৭ তারিখ: ০৭/০৭/২০১৮।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সুত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে আপনার দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা  
করলে দেখা যায় যে, তিনটি গুদাম ভাড়াটিয়াদের নিকট ভাড়া প্রদান করা হয়েছে। এর মধ্যে আজমিরীগঞ্জস্থ সার  
গুদামের উপর মামলা চলমান থাকায় বকেয়া পাওনা আদায় করা সম্ভবপর হচ্ছে না। এছাড়া শায়েস্তাগঞ্জস্থ সার  
গুদাম সংলগ্ন স্থাপনা ভাড়া প্রদানের লক্ষ্য চুক্তি সম্পাদনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

০২. কিন্তু কুলাউড়াস্থ সার গুদামের বকেয়া ভাড়া আদায়ে আপনার দপ্তরের মাধ্যমে গৃহীত উদ্যোগ সন্তোষজনক  
নয় মর্মে আলোচ্য বিভাগের নিকট প্রতীয়মান হয়। কেননা বকেয়া ভাড়া আদায়ে উক্ত ভাড়াটিয়াকে আপনার দপ্তর  
হতে সর্বশেষ পর্যায়ে ০১/০৬/২০১৭ তারিখে পত্র দেয়া হয়েছিল (আপনার দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন অনুষ্ঠানী)।  
এর প্রেক্ষিতে উক্ত গুদামের বকেয়া ভাড়া আদায়ে ০২/০৭/২০১৮ তারিখের ০৩ নং স্মারকে ভাড়াটিয়াকে পত্র  
প্রদানের জন্য সার ব্যবস্থাপনা বিভাগ হতে অনুরোধ করা হয়। কিন্তু আপনার দপ্তর হতে পত্র প্রেরণ করা হয়েছে  
কিনা সে বিষয়টি সম্পর্কে আলোচ্য বিভাগকে অবহিত করা হয়নি। গুদামের বকেয়া আদায়ের কাজটি আপনার  
দপ্তরের মাধ্যমে সম্পাদনযোগ্য কার্যক্রমসমূহের মধ্যে অন্যতম। কিন্তু অবস্থার দৃষ্টিতে মনে হয় ভাড়া আদায়ে  
আপনার উদ্যোগ আশানুরূপ না।

০৩. এমতাবস্থায়, গুদামসমূহের জন্য প্রাপ্ত বকেয়া ভাড়া আদায়ে প্রয়োজনীয় সকল ধরনের কার্যক্রম গ্রহণের জন্য  
আপনাকে অনুরোধ করা হলো। অন্যথায় বকেয়া ভাড়া সংক্রান্ত উত্থাপিত অভিট আপত্তিসহ অন্যান্য বিষয় আপনার  
উপর বর্তাবে।

(আশুতোষ সাহিত্য)

মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫ ৮০১৬

০১

অনুলিপি:

- ✓ ১. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।  
২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।  
৩. অফিস কপি।